

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং-১২.০২.০০০০.০১৯.১৬.০০৩.১২- ৪২০

তারিখঃ ০২-০৭-২০১৪ খ্রিঃ

বিষয়ঃ সকল প্রকার শাক-সজী, ফলমূল ও ভোগ্যপণ্য চলাচল নিবিঘ্ন করা প্রসংগে।

পবিত্র রমজান মাস শুরু হয়েছে। রমজানের শুরুতে কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। কৃষি বিপণন অধিদপ্তর কৃষিপণ্যের বাজার দর ও সরবরাহ স্থিতিশীল রাখার লক্ষ্যে প্রয়াস অব্যাহত রেখেছে। কিন্তু কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্য পণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্য চলাচল নিবিঘ্ন ও অবৈধ চাঁদা আদায় রোধ করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। পণ্যের অবাধ চলাচল বিঘ্নিত ও অপ্রদর্শিত ব্যয় বৃদ্ধি পেলে পণ্যের পরিবহন ব্যয় আশাতীতভাবে বৃদ্ধি পায়। ফলশ্রুতিতে ভোক্তা পর্যায়ে পণ্যের মূল্য মাত্রাতিরিক্তভাবে বৃদ্ধি পায়।

২। ভোক্তা পর্যায়ে কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্যপণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্য পরিবহন নিবিঘ্ন ও অবৈধ চাঁদা আদায় রোধ কল্পে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

৩। এমতাবস্থায় কৃষিপণ্যসহ সকল প্রকার ভোগ্য পণ্যের বাজারদর ও সরবরাহ স্থিতিশীল রাখার স্বার্থে পণ্যের পরিবহন নিবিঘ্ন এবং অবৈধ চাঁদা আদায় রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আপনার অধিনস্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। আপনার সর্বাঙ্গিক সহযোগিতা অব্যাহত থাকলে কৃষি বিপণন অধিদপ্তর তার উপর অর্পিত দায়িত্ব পালনে সক্ষম হবে এবং দেশের আপামর জনসাধারণ সার্বিকভাবে উপকৃত হবে।

স্বাক্ষরিত/-

বিতরণঃ

পুলিশ সুপার (সকল)

..... ।

(মোঃ মাহবুব আহমেদ)

যুগ্ম সচিব

ও

পরিচালক

ফোনঃ ৯১১৪৩১০

E-mail: director@dam.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

০৩। জেলা প্রশাসক (সকল)।

০৪। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা, চট্রগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগ।